ভোরের কাগজ

পৃষ্ঠা ... ২ 9 APR 203

উত্তরপত্র নিয়ে পলায়ন

# নওগাঁয় এসএসসি পরীক্ষার্থী গ্রেপ্তার, ৪ শিক্ষকের বিরুদ্ধে মামলা

নওগাঁ প্রতিনিধি : নওগাঁর রানীনগর উপজেলার এসএসসি পরীক্ষা কেন্দ্র থেকে খাতা নিয়ে পালিয়ে যাওয়ার অপরাধে উপজেলা নির্বাহী অফিসার নন্দ দুলাল বণিক গত সোমবার নূরজাহান বানু নামের এক পরীক্ষার্থীকে গ্রেপ্তার করিয়ে জেল হাজতে প্রেরণ করেছেন। এছাড়া, ওই পরীক্ষার্থিনীসহ কর্তব্যে অবহেলার দায়ে কেন্দ্রের ৮নং কক্ষের শুক্কুর আলী, আব্দুস সবুর, সিরাজুল ইসলাম ও আজাহার আলী নামে চার শিক্ষকের বিরুদ্ধে ১৯৮০ সালের পাবলিক পরীক্ষা আইনের ৩৪ (১৫) ১২ ধারা মোতাবেক মামলা দায়ের করা হয়েছে।

জানা গেছে, গত শনিবার অনুষ্ঠিত সাধারণ গণিত পরীক্ষা চলাকালীন ১১৩২১৫নং রোলের ছাত্রী নূরজাহান বানু পরীক্ষার খাতা জমা না দিয়ে কেন্দ্র থেকে কৌশলে পালিয়ে যায়। পরীক্ষা শেষে খাতার সংখ্যায় গরমিল দেখা দিলে ওই ছাত্রীকে সন্দেহ করা হয়। সোমবার কৃষিবিজ্ঞান পরীক্ষা চলাকালে ওই ছাত্রী পরীক্ষা কেন্দ্রে আসলে জিজ্ঞাসাবাদে সে খাতা নিয়ে পালিয়ে যাওয়ার কথা স্বীকার করে এবং জানায়, খাতাটি সে পুড়িয়ে ফেলেছে। পুলিশ ওই ছাত্রীকে গ্রেপ্তার করে জেল হাজতে প্রেরণ করেছে।